# মাইলস্টোন দুর্ঘটনায় আহত শিক্ষার্থীদের পরিবারের পাশে বিএনপি, আর্থিক সহায়তা



সংগৃহীত ছবি

রাজধানীর মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের বিমান দুর্ঘটনায় আহত সাত শিক্ষার্থীর পরিবারের পাশে দাঁড়িয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। মানবিক উদ্যোগের অংশ হিসেবে দলটি ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে আর্থিক সহায়তা দিয়েছে।

বুধবার (২২ অক্টোবর) বিকেলে জাতীয় বার্ন ইনস্টিটিউটে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে সহায়তার অর্থ তুলে দেন ঢাকা মহানগর উত্তর বিএনপির আহ্বায়ক আমিনুল হক। এসময় তিনি আহত শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজখবর নেন ও পরিবারের সদস্যদের সান্ত্বনা জানান।

আমিনুল হক বলেন, “মানবতার প্রশ্নে বিএনপি সবসময় জনগণের পাশে থেকেছে। দুঃসময় ও সংকটে মানুষের পাশে দাঁড়ানোই আমাদের রাজনৈতিক আদর্শের প্রতিফলন।”

তিনি আরও বলেন, “আদালতের নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর ক্ষতিপূরণ নিশ্চিতে সরকারকে দ্রুত ব্যবস্থা নিতে হবে।”

বিএনপির পক্ষ থেকে আহত শিক্ষার্থী ও তাদের পরিবারের পাশে থাকার আশ্বাসও দেন আমিনুল হক, জানান—দল সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখবে।

LENS ASIA